

# মুগান্ধি

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ০৫:০৩ এএম

সারাদেশ

## সিলেটের কয়েক প্রতিষ্ঠানে শতভাগ ফেল: পাশের হার ১৯ বছরে সর্বনিম্ন



সিলেট বুরো

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ১১:০১ পিএম



পাশের হারে সিলেট শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় গত ১৯ বছরের মধ্যে সর্বনিম্ন। পাশের হার ৫১ দশমিক ৮৬ শতাংশ, যা গত ১৯ বছরের মধ্যে সর্বনিম্ন। এর মধ্যে ৪টি শিক্ষাপ্রতিষ্ঠানের শতভাগ ফেল করেছে।

সিলেট বোর্ড প্রতিষ্ঠার পর ২০০৬ সাল থেকে এইচএসসি পরীক্ষায় পাশের হার ক্রমেই বেড়েছে। ওই বছর পাশের হার ছিল ৬৫ দশমিক ৪৫ শতাংশ। এবারই প্রথম সিলেট বোর্ডে পাশের হার ৬০ শতাংশের নিচে নেমেছে।

বৃহস্পতিবার বোর্ডের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে বিস্তারিত ফলাফল তুলে ধরেন বোর্ডের চেয়ারম্যান মো. আনোয়ার হোসেন চৌধুরী।

বোর্ডের চেয়ারম্যান আনোয়ার হোসেন চৌধুরী বলেন, বন্যা পরিস্থিতি এবং ছাত্র আন্দোলনের কারণে পূর্ণাঙ্গ সিলেবাসে পরীক্ষা হয়নি। এবার পূর্ণাঙ্গ সিলেবাসে পরীক্ষা ও ইংরেজি বিষয়ে অকৃতকার্যের হার বৃদ্ধি পাওয়ায় ফলাফলে প্রভাব পড়েছে। এছাড়া কলেজ শিক্ষার্থীদের নিয়মিত শ্রেণিকক্ষে উপস্থিতি কম হওয়াও পাশের হার কম হওয়ার অন্যতম কারণ।

তিনি আরও বলেন, সিলেট বোর্ডের পাশের হার বৃদ্ধি করতে শিক্ষকদের প্রশিক্ষণে গুরুত্ব দেওয়া হচ্ছে। বোর্ডের পক্ষ থেকে শিক্ষকদের প্রশিক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া বিভাগভিত্তিক যোগ্য শিক্ষক নিয়োগের বিষয়েও গুরুত্ব দেওয়া হচ্ছে।